

নং- ৪৫.০০.০০০০.১৪৭.১৬.০০৮.১৯-৫৪৩

তারিখঃ ০৬.০৮.২০২০ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ চিকিৎসক কর্মকর্তাদের HRIS ডাটাবেজ হালনাগাদ ও স্বাস্থ্য সেবা বিভাগের একটি একাউন্টে full access প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবায় নিয়োজিত চিকিৎসক কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরে রক্ষিত HRIS ডাটাবেজ হালনাগাদ না থাকায় পদোন্নতি কার্যক্রমে বিঘ্ন ঘটছে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে জরুরীভিত্তিতে চিকিৎসক কর্মকর্তাদের HRIS এ নিম্নবর্ণিত তথ্যাদি সহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা প্রয়োজনঃ

- ১। মূল পদবী (সর্বশেষ পদোন্নতির পদবী, চলতি দায়িত্ব বাদে)।
- ২। সর্বশেষ পদোন্নতির স্মারক, আদেশ নং এবং তারিখ।
- ৩। সিনিয়র স্কেল পাশের তথ্যাদি (হার্ডকপি আপলোডকরণ সহ)।
- ৪। চাকরি স্থায়ীকরণের তথ্যাদি (হার্ডকপি আপলোডকরণ সহ)।
- ৫। উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা ডিগ্রী/অন্যান্য ডিগ্রী পাশের তথ্যাদি (সার্টিফিকেট আপলোডকরণ সহ)।
- ৬। প্রকাশনার তথ্যাদি (front page, contents, articles সহ হার্ডকপি আপলোডকরণ)। প্রকাশনার ধরণ, প্রকাশিত জার্নালের নাম (ভলিউম নং, পৃষ্ঠা নং ও তারিখসহ), আর্টিকেলের নাম উল্লেখ করতে হবে।
- ৭। ACR এর তথ্যাদি।
- ৮। বর্তমান কর্মস্থল (পদবীসহ)।
- ৯। Posting information
- ১০। চাকরি নিয়মিতকরণের তথ্যাদিসহ (প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত ও এডহক ভিত্তিতে নিযুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রে) হার্ডকপি আপলোড করতে হবে।
- ১১। মৃত, পিআরএল ভোগরত, স্বেচ্ছায় অবসর ও চাকরি হতে ইস্তফা গ্রহণকারী কর্মকর্তাদের তথ্যাদি প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদকরণ।

০২। স্বাস্থ্য সেবা বিভাগের দাপ্তরিক কাজে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকার তথ্যাদির প্রয়োজন হয়। এসকল তথ্যাদি প্রাপ্তির নিমিত্তে স্বাস্থ্য সেবা বিভাগের একটি একাউন্টে full access প্রদান করা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, HRIS এ চিকিৎসক কর্মকর্তাদের উল্লেখিত তথ্যাদিসহ অন্যান্য তথ্যাদি আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দেশের সকল স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের মাধ্যমে হালনাগাদ ও ইতোপূর্বে সৃজিত স্বাস্থ্য সেবা বিভাগের perl@hsd.gov.bd একাউন্টে HRIS ডাটাবেজ এর full access প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬/০৮/২০
(সারমিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন]

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।